৪/১২/২০০৫

দৈনিক জনকণ্ঠ

তারিখ ঃ ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২

# বুয়েটে নিজস্ব ভিস্যাট স্থাপন ॥ ওয়েব সাইট উদ্বোধন

বুয়েট রিপোর্টার ॥ দেশে নিজস্ব ভিস্যাট স্থাপনকারী প্রথম ও একমাত্র বিশ্ববিদ্যালয় হিসাবে আত্মপ্রকাশ করল বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। শুধু তাই নয়, ন্যূনতম সময়ের তথ্যপ্রযুক্তি বিষয়ক স্বতন্ত্র ইনস্টিটিউট প্রতিষ্ঠা আর সেখানে তথ্যপ্রযুক্তি বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স চালু করে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে বুয়েট। রবিবার বিকালে বুয়েটে সদ্য প্রতিষ্ঠিত ইনস্টিটিউট অব ইনফরমেশন এ্যান্ড কমিউনিকেশন টেকনোলজির (আইআইসিটি) আনুষ্ঠানিক উদ্বোধন করেন তত্ত্বাবধায়ক সরকারের শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা এএসএম শাহজাহান। বুয়েট একাডেমিক কাউন্সিল ভবনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানের মধ্য দিয়েই সদ্য স্থাপিত ভিস্যাট এবং বুয়েটের নতুন ওয়েব সাইটের (ষষষ. ঠলর্ণ. টড. ঠঢ) উদ্বোধন করা হয়।

উপদেষ্টা শাহজাহান বলেন, যে কোন ধরনের অর্জনের মাপকাঠি হচ্ছে অর্থনীতি। তাই দেশের অর্থনীতিতে তথ্যপ্রযুক্তি যতদিন ভূমিকা রাখবে না, ততদিন পর্যন্ত লক্ষ্য অর্জিত হবে না। আইআইসিটি দেশ ও বিদেশে কাজ করার উপযোগী তথ্যপ্রযুক্তিবিদ তৈরি করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতির ভাষণে বুয়েট উপাচার্য ড. নূরউদ্দীন আহমদ বলেন, সরকার প্রদত্ত অর্থ পেতে আমাদের দু'বছর লেগেছে। এ অর্থ যথাসময়ে পেলে এতদিনে একটি ব্যাচ ডিপ্লোমা কোর্স সম্পন্ন করতে পারত। এছাড়া অন্যান্যের মধ্যে আইআইসিটি পরিচালক ড. লুৎফুল কবীর, বিজ্ঞান ও প্রযুক্তি সচিব এমএম রেজা বক্তৃতা করেন। অনুষ্ঠানে বুয়েট ওয়েব পেজ ডিজাইন প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে ব্র্যাক ইউনিভার্সিটির ভিসি ড. জামিলুর রেজা চৌধুরী, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক ড. আব্দুস সোবহান, বুয়েট সিএসই বিভাগের প্রধান ড. চৌধুরী মফিজুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।